

**জিলা পরিষদ, বর্ধমান**  
**বাস্তকার বিভাগ**  
**কোর্ট কম্পাউন্ড, বর্ধমান-৭১৩১০১**

স্মারক সংখ্যা - ডি.ই/টোল/২২২

তারিখ - ২০/০২/২০২৫

-: টোল ট্যাক্স সম্পর্কিত দরপত্র ( সীল বিড) আহ্বানের বিজ্ঞপ্তি :-

এতদ্বারা সর্বসাধারণকে অবগত করা যাইতেছে যে, জিলা পরিষদ, বর্ধমান এর অধিন নিম্নলিখিত রাস্তায় জিলা পরিষদের অনুমোদিত দরে ১ (এক) বৎসরের জন্য অস্থায়ীভাবে বালি, পাথর ইত্যাদি দ্রব্য পরিবহন গাড়ির টোল আদায়ের ইজারা বন্দোবস্তের জন্য সীল করা খামে দরপত্র আহ্বান করা যাইতেছে। নিজ নিজ দরপত্র জিলা পরিষদের অনুকূলে জামিন জমা হিসাবে ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকার ড্রাফট/পে অর্ডার/ব্যাঙ্কার্স চেক সহ জেলা বাস্তকার, জিলা পরিষদ, বর্ধমান এর অনুকূলে বর্ধমান ব্যাঙ্ক এর উপর প্রদেয় (District Engineer, Zilla Parishad, Burdwan, Payable at Burdwan) ইং- ০৫/১০/২০১৫ (সোম বার) বেলা ৪.০০ ঘটিকার মধ্যে জমা দিতে হইবে। সর্বোচ্চ ডাকের অর্ধেক টাকা ০৬/১০/২০১৫ (মঙ্গল বার) তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হইবে। বাকি অর্ধেক টাকা কার্যাদেশ দেওয়ার তারিখ হতে অবশ্যই ৩(তিন) মাসের মধ্যে জমা দিতে হইবে নচেৎ বিনা নোটিশে তার দেওয়া চুক্তিপত্র বাতিল বলিয়া গণ্য হইবে এবং জিলা পরিষদ পুনরায় দরপত্র আহ্বান করিবে। ঐ ডাকে অনাদায়ী ব্যক্তি বা সংস্থার দেওয়া ডাক কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হইবে না। সকল ডাকদাতাকারীদের সংশ্লিষ্ট রাস্তার বর্তমান অবস্থা এবং অবস্থান সম্পর্কে ডাক দেওয়ার পূর্বে অবহিত হইয়ে ডাক দিতে হবে। এ বিষয়ে পরে কোন আপত্তি গ্রাহ্য হইবে না। এ প্রসঙ্গে আরো জ্ঞাত করা যাইতেছে যে, সর্বনিম্ন ডাক মূল্য ১,৭১,০০,০০০.০০ (এক কোটি একাত্তর লক্ষ) টাকা। সর্বনিম্ন সংরক্ষিত মূল্যের কমে দেওয়া দরপত্র গৃহীত হইবে না। জেলা বাস্তকার অফিসে রক্ষিত নির্দিষ্ট টেন্ডার বক্সে দরপত্র ০৫/১০/২০১৫ (সোম বার) বেলা ৪.০০ ঘটিকার মধ্যে জমা দিতে হইবে এবং ০৫/১০/২০১৫ (সোম বার) তারিখে বিকাল ৪.৩০ ঘটিকায় দরপত্র খোলা হইবে।

কার্যাদেশ প্রেরণের তারিখ হতে ৭ দিনের মধ্যে জিলা পরিষদের অনুমোদিত ফর্মে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। নতুবা তাহার কার্যাদেশ বিনা নোটিশে নাকচ হইয়া যাইবে, তৎসহ তাহার দেয় টাকাও বাজেয়াপ্ত হইবে।

সড়কের বিবরণ

:- খণ্ডঘোষ পঞ্চায়েত সমিতি এলাকায় “বর্ধমান-আরামবাগ রাস্তা হতে নবগ্রাম পর্যন্ত রাস্তার বালি, পাথর ইত্যাদি দ্রব্য পরিবহন গাড়ির টোল ট্যাক্স আদায়”।

দরপত্র জমা দেওয়ার স্থান, তারিখ ও সময়

:- জেলা বাস্তকার অফিস, জিলা পরিষদ, বর্ধমান, ০৫/১০/২০১৫ (সোম বার) বেলা ৪.০০ ঘটিকা পর্যন্ত।

দরপত্র খোলার সময়

:- ০৫/১০/২০১৫ (সোম বার) বেলা ৪.৩০ ঘটিকায়।

স্মারক সংখ্যা - ডি.ই/টোল/২২২/২৮

প্রতিলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হল :- মাননীয় সভাপতি, জিলা পরিষদ, বর্ধমান/জিলা শাসক, বর্ধমান ও নির্বাহী আধিকারীক, জিলা পরিষদ, বর্ধমান/অতিরিক্ত নির্বাহী আধিকারীক, জিলা পরিষদ, বর্ধমান/আর্থিক নিয়ামক ও মুখ্য হিসাব আধিকারীক, জিলা পরিষদ, বর্ধমান/কর্মাধ্যক্ষ, পূর্ত কার্য ও পরিবহন স্থায়ী সমিতি, জিলা পরিষদ, বর্ধমান/সকল কর্মাধ্যক্ষগন, বর্ধমান জিলা পরিষদ/ সচিব, জিলা পরিষদ, বর্ধমান/অধিক্ষক বাস্তকার, পি.ডব্লু.ডি, পি.ডব্লু (রোডস)/মহকুমা শাসক, উত্তর ও দক্ষিন/নির্বাহী বাস্তকার, পি এন্ড আর ডি, জিলা পরিষদ, বর্ধমান/নির্বাহী বাস্তকার, প.ব.রা.গ্রা.উ.প. বর্ধমান বিভাগ/নির্বাহী বাস্তকার পি.ডব্লু. (রোডস) হাইওয়ে ডিভিসন-১,২ এবং ৩/নির্বাহী বাস্তকার পি.ডব্লু.ডি, বর্ধমান, আসানসোল/সভাপতি, রায়না-১, রায়না-২, খণ্ডঘোষ পঞ্চায়েত সমিতি/নির্বাহী আধিকারীক, রায়না-১, রায়না-২, খণ্ডঘোষ পঞ্চায়েত সমিতি/প্রধান, হিজলনা, শাঁকারী-১নং, শাঁকারী-২নং/সহ বাস্তকার, বর্ধমান ১,২/সহ বাস্তকার, এস্টিমেট সেকসন/অবর সহ বাস্তকার, সগড়াই/সদর/এস্টিমেট সেকসন/ডি এ, (বাস্তকার বিভাগ)/ উপ সচিব / ডি.আই.এ., বর্ধমান জিলা পরিষদ মহাশয়কে ওয়েব সাইট <http://www.burdwanzp.org> / <http://www.bardhaman.nic.in> -তে সম্প্রচারের জন্য প্রেরিত হল / জিলা পরিষদের নোটিশ বোর্ড - এর নিকট বহুল প্রচারের জন্য প্রেরিত হল।

স্মারক সংখ্যা - ডি.ই/টোল/২২২/২৮/১

প্রতিলিপি পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের যুগ্ম সচিব মহাশয়ের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হল।

স্মারক সংখ্যা - ডি.ই/টোল/২২২/২৮/১/২

প্রতিলিপি উপসচিব/ডি.আই.ও., জিলা পরিষদ, বর্ধমান, মহাশয়কে ওয়েব সাইটে <http://www.bardhaman.nic.in> / <http://www.burdwanzp.org> প্রকাশ করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা যাইতেছে।

জেলা বাস্তকার  
বর্ধমান  
তারিখ - ২০/০২/২০২৫

জেলা বাস্তকার  
বর্ধমান  
তারিখ - ২০/০২/২০২৫

জেলা বাস্তকার  
বর্ধমান  
তারিখ - ২০/০২/২০২৫

জেলা বাস্তকার  
বর্ধমান  
তারিখ - ২০/০২/২০২৫